তারিখ 08 MAY 2016
পৃষ্ঠা ১০ কলাম ২

দৈনিক
জনকণ্ঠ

ক্যাম্পাস পরিচিতি

এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়

এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়। দেশের একমাত্র বেসরকারী কৃষি বিশ্ববিদ্যালয়। উত্তর ও দক্ষিণাঞ্চলের যমুনার এপারে আদি বরেন্দ্র ভূমির লালমাটির পদ্মা মহানন্দা পুনর্ভবা ও পাগলা বিধৌত চাঁপাইনবাবগঞ্জে এ বিশ্ববিদ্যালয়ের অবস্থান। এই অঞ্চলের মানুষের বহুদিনের দাবি ছিল একটি কৃষি বিশ্ববিদ্যালয়ের। বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা অনুধাবন করে ২০১৪ সালে চাঁপাইনবাবগঞ্জ সফরকালে স্থানীয় সরকারী কলেজ মাঠের জনসভায় এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেই সময়ে এক্সিম ব্যাংক কর্তৃপক্ষ একটি বেসরকারী কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমতির চেষ্টা করছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার তাৎক্ষণিক অনুমতির আবেদন মঞ্জুর করে তা চাপাইনবাবগঞ্জে প্রতিষ্ঠার নির্দেশ দেন। একই সঙ্গে শিক্ষা বিভাগসহ রাজশাহী মহানগরীর পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে নির্দেশ দেন চাঁপাইনবাবগঞ্জে বেসরকারী কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে সবধরনের সহযোগিতা দিতে। বর্তমানে বাস্তবে রূপ পেয়েছে এ বিশ্ববিদ্যালয়টি। ২০১৫ সালে শহরের বড় ইন্দারা মোড়ের একটি বহুতল বেসরকারী ভবনে যাত্রা শুরু করে এ বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বর্তমানে অস্থায়ী ভবনে চালু হলেও কর্তৃপক্ষ স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার ব্যাপারে উদ্যোগ নিয়েছে। ইতোমধ্যেই তারা চাঁপাইনবাবগঞ্জ-নয়াগোলা হয়ে আমনুরা জংশনমুখী সড়কের জামতলা এলাকার বরেন্দ্র ভূমিতে স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার কর্মকান্ড শুরু করেছে।

➤ ডি এম তালেবুন নবী